স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ২ কোর্স : MJBENG - 03

সাহিত্যের রূপ-রীতি এবং ভারতীয়-পাশ্চাত্য সাহিত্যের ইতিহাস

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। মহাকাব্য কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি কী কী? যে-কোনো একটি মহাকাব্য আলোচনার ভিত্তিতে তার বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ২+৩+১০=১৫

২। ছোটোগল্পের সংজ্ঞা এবং বৈশিষ্ট্য উল্লেখ করো। এই প্রসঙ্গে উদাহরণসহ উপন্যাস ও ছোটোগল্পের পার্থক্য নিরূপণ করো। ২+৪+৯=১৫

একক-২

৩। সিম্বল কী? কোন পটভূমিকায় সাহিত্য আন্দোলন হিসেবে সিম্বলিজম প্রতিষ্ঠা পেয়েছিল? উদাহরণসহ এই আন্দোলনের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো। ২+৩+১০= ১৫

৪। ডাডাইজম থেকে সুররিয়ালিজমে যাওয়ার ইতিহাস সংক্ষেপে বিবৃত করো। সুররিয়ালিজম ইউরোপের কবিতাকে কীভাবে প্রভাবিত করেছিল? বাংলা কবিতায় সুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে আলোচনা করো। ৪+৬+৫=১৫

একক-৩

৫। সংক্ষেপে বৈদিক সাহিত্যের সামগ্রিক পরিচয় লিপিবদ্ধ করো। ১৫

৬। ভারতবর্ষে রামকথার নানা রূপ ও চরিত্র রয়েছে। এ-বিষয়ে তোমার মতামত দাও। ১৫

একক-৪

৭। শেক্সপিয়রের ট্র্যাজেডি নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। প্রধান চারটি ট্র্যাজেডির পরিচয় দিয়ে ট্র্যাজেডি রচনায় তাঁর কৃতিত্ব বিচার করো। বাংলা নাটকে শেক্সপিয়রের প্রভাব কীভাবে পড়েছে দেখাও। ৪+৬+৫=১৫

৮। ভিক্টোরিয়ান যুগের ঔপন্যাসিক চার্লস ডিকেন্সের উপন্যাস রচনার পটভূমি সংক্ষেপে আলোচনা করো। উপন্যাস রচনায় তাঁর কৃতিত্ব কয়েকটি উপন্যাস অবলম্বনে আলোচনা করো। ৫+১০=১৫

৯। টীকা লেখো : (যে-কোনো দুটি) ২×৫=১০

ক। ব্যক্তিগত প্রবন্ধ

খ। ফরাসি বিপ্লব ও রোমান্টিসিজম

গ। মধ্যযুগের ভক্তি সাহিত্য ও কবীর

ঘ। রুশ কথাসাহিত্যিক ও নাট্যকার ম্যাক্সিম গোর্কি

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (যে-কোনো পাঁচটি) ৫×২=১০

ক। মধুসূদনের লেখা সনেটগুলির মধ্য থেকে গীতিকবিতার লক্ষণাক্রান্ত যে-কোনো দুটি সনেটের নাম লেখো।

খ। প্রাবন্ধিকের নাম উল্লেখ করে একটি বস্তুগত প্রবন্ধের নাম লেখো।

গ। 'লিরিক্যাল ব্যালাডস' বইটি কোন সাহিত্য আন্দোলনের সঙ্গে কীভাবে যুক্ত?

ঘ। 'ভারতীয় প্রগতি সাহিত্য সংঘ' কবে কোথায় স্থাপিত হয়? এর সঙ্গে যুক্ত দুজন ভারতীয় লেখকের নাম লেখো।

ঙ। কালিদাসকে কোন সাম্রাজ্যের সমসাময়িক বলে মনে করা হয়? কালিদাস রচিত একটি দূতকাব্যের নাম লেখো।

চ। দক্ষিণ ভারতের ব্রহ্মসূত্রের ব্যাখ্যা করেছিলেন এমন দুজন দার্শনিকের নাম লেখো।

ছ। টমাস হার্ডির দুটি উপন্যাসের নাম লেখো।

জ। রুশ সাহিত্যের একজন কবি এবং একজন গল্পকারের নাম লেখো।

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৫

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ২ কোর্স: MJBENG 04

বাংলা ভাষা ও ভাষাতত্ত্ব

সময়: ৩ ঘণ্টা পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লেখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

১। প্রাচীন বাংলার সময়সীমা ও নিদর্শন উল্লেখ করে এই ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ১+১+১৩=১৫

২। অন্ত্য-মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ১৫

একক - ২

৩। চিত্রসহ বাংলা মৌলিক স্বরধ্বনির উচ্চারণ স্থান সম্পর্কে লেখো। ১৫

৪। উপভাষা কাকে বলে? বাংলা ভাষার যে-কোনো একটি উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+১২=১৫

একক - ৩

৫। বাংলা শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি কী কী? সেগুলি উদাহরণসহ বিস্তারে আলোচনা করো। ২+১৩=১৫

৬। IPA অথবা রোমান-এ রূপান্তর করো: ১৫

আমার গল্পের প্রধান মানুষটি প্রাচীন ব্রাহ্মণপণ্ডিত-বংশের ছেলে। বিষয়ব্যাপারে বাপ ওকালতি ব্যবসায়ে আঁটি পর্যন্ত পাকা, ধর্মকর্মে শাক্ত আচারের তীব্র জারক রসে জারিত। এখন আদালতে আর প্র্যাকটিস করতে হয় না। এক দিকে পূজা-অর্চনা আর-এক দিকে ঘরে বসে আইনের পরামর্শ দেওয়া, এই দুটোকে পাশাপাশি রেখে তিনি ইহকাল পরকালের জোড় মিলিয়ে অতি সাবধানে চলেছেন। কোনো দিকেই একটু পা ফসকায় না।

একক - ৪

৭। চমস্কির ভাষাতত্ত্বে বিশেষ ব্যাকরণ (Particular Grammar) এবং বৈশ্বিক ব্যাকরণের (Universal Grammar)-এর প্রাসঙ্গিকতা বিচার করো। ১৫

৮। চমস্কির ভাষাতত্ত্বে বিশেষ্যগুচ্ছ এবং ক্রিয়াগুচ্ছের ভাগটির গুরুত্ব বুঝিয়ে দাও। ১৫

৯। টীকা লেখো: (যে-কোনো দুটি) ২X৫=১০

(ক) বাংলা লিপির উদ্ভব (খ) দ্বিস্বর ধ্বনি (গ) অর্ধ তৎসম শব্দ (ঘ) বাক্যের অধোগঠন

১০ সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও: (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

ক। স্বরসংগতি কাকে বলে? একটি উদাহরণ দাও।

খ। আধুনিক বাংলার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

গ। বহিঃগামী ধ্বনি কাকে বলে?

ঘ। উচ্চারণ প্রকৃতি অনুযায়ী ব্যঞ্জনধ্বনির দুটি শ্রেণির উল্লেখ করো।

ঙ। শব্দার্থ পরিবর্তনের স্থূল দুটি কারণ উল্লেখ করো।

চ। দুটি দেশীয় কৃতঋণ শব্দের উদাহরণ দাও।

ছ। পারঙ্গমতা (competence) বলতে চমস্কি কী বুঝিয়েছেন?

জ। নিষ্ঠান্ত বলতে কী বোঝায়?

স্নাতক মেজর পরীক্ষা ২০২৫

মেজর বাংলা(NEP)

সেমেস্টার: ২ কোর্স: SECBNG02

অনুবাদ

সময়: ৩ ঘন্টা পূর্ণমান: ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৬ নং প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'ট্রান্সলেশন স্টাডিস' বলতে কী বোঝ? 'ট্রান্সলেশন থিয়োরি' কেন 'ট্রান্সলেশন স্টাডিস'-এর অন্তর্গত? অনুবাদ কর্মে অনুবাদকের নানাবিধ চ্যালেঞ্জ ও তা অতিক্রম করার অভিজ্ঞতার সূত্রেই বস্তুত প্রস্তুত হয়েছে নানারকম 'অনুবাদ তত্ত্ব'। — এই মন্তব্যটির যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৩+২+১০= ১৫

২। অভিন্ন একটি টেক্সট ভিন্ন ভিন্ন অনুবাদকের অনুবাদে কীভাবে বদলে বদলে যায়, তার একটি দৃষ্টান্ত নিয়ে অনুবাদকদের প্রবণতাগত পার্থক্যগুলি নির্দেশ করো। ১৫

একক-২

৩। কৃত্তিবাস বিরচিত রামায়ণ কেন আধুনিক অর্থে 'অনুবাদ' নয় আলোচনা করো। ১৫

৪। বুদ্ধদেব বসু শার্ল বোদলেয়ারের কবিতা অনুবাদ করতে গিয়ে অনুবাদক হিসেবে যে নীতি গ্রহণ করেছিলেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ১৫

একক-৩

৫। বাংলায় অনুবাদ করো:

Many people are under the erroneous impression that the Days of the British Raj were synonymous with huge meals and unlimited food and drink. This may have been the case in the days of East India Company, but was far from being so during the last decade of British rule. Those final years coincided with World War II, when food-rationing was in force. At my boarding school in Simla, omelettes were made from powdered eggs, and the contents of occasional sausage were very mysterious— so much so, that we called our sausages 'sweet mysteries of life!' after a popular Nelson Eddy song. ১৫

অথবা

( পেছনের পাতায় দেখো)

On a blazing hot summer afternoon, an old man came walking down a narrow village path. He was tired and thirsty. Right by the road, he spotted a tiny grocery store. It had a tin roof and mud walls. The shopkeeper sat inside fanning himself and shooing away the flies that were buzzing around in the stifling heat. There was a little bench in front of the store where the villagers met when evening came and the land had cooled down. The old man flopped down on the bench. He was so tired that for a while he could not speak. Finally, he opened his mouth and uttered one word, 'Water!' ১৫

৬। টীকা লেখো (যে-কোনো দুটি) ২×৭.৫=১৫

ক) অনুবাদের 'পলিসিস্টেম থিয়োরি'

খ) অনুবাদে 'টীকা' ব্যবহারের প্রয়োজনীয়তা

গ) অনুবাদে মধ্যস্থকারী বা মধ্যবর্তী ভাষার ভূমিকা

4 Year Undergraduate Examination 2025

Minor Course in Bengali, Semester II

Course 2, MNBENG01B

Time 3 Hours

Full Marks 80

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লেখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর প্রদান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি প্রশ্নের উত্তর দাও

প্রুফ সংশোধন করে পৃষ্ঠাটি উত্তর পত্রের সঙ্গে যুক্ত করতে হবে

একক-১

১। কনটেন্ট রাইটিং-এর প্রকারভেদ হিসেবে বিজ্ঞাপনের সংজ্ঞা নির্ধারণ করো। বিজ্ঞাপনের কনটেন্ট রচনার ক্ষেত্রে কোন কোন বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া উচিত? বিজ্ঞাপনের কনটেন্ট লেখার ক্ষেত্রে বিপণন, বিনোদন ও শিক্ষামূলক উপাদান কীভাবে উপস্থাপিত হয় উদাহরণের মাধ্যমে বিশ্লেষণ করো। ২+৫+৮=১৫

২। ডিজিটাল কনটেন্ট রাইটিং-এর প্রকারভেদ ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোকপাত করো। ঘোস্ট রাইটিং সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০+৫=১৫

একক-২

৩। অভিধানের প্রকারভেদগুলি আলোচনা করো। ১৫

৪। রাজশেখর বসুর 'চলন্তিকা' অভিধানটির বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। ১৫

একক-৩

৫। বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির বর্ণমূল, বর্ণভেদ, উচ্চারণ-প্রতিবেশ ও যুক্তরূপগুলি সূত্রাকারে লেখো। ১৫

৬। বানান ভুলের কারণগুলি আলোচনা করো। ১৫

একক-৪

৭। একজন কপি এডিটর ও প্রুফ রিডারের পার্থক্য নির্দেশ করে গ্রন্থ নির্মাণে তাঁদের ভূমিকা আলোচনা করো ১৫

৮। প্রদত্ত প্রুফটি কপির সঙ্গে মিলিয়ে সংশোধন করো। ১৫

৯। টীকা লেখো: (যে-কোনো দুটি) ২X৫=১০

ক। youtube ব্লগিং

খ। পডকাস্ট

গ। অভিধানের পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো

ঘ। কপি এডিটিং ও কন্টেন্ট এডিটিং

১০ যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। USP কী, উদাহরণসহ লেখ।

খ। plagiarism কাকে বলে?

গ। লাইন এডিটিং কাকে বলে?

ঘ। জ্ঞানেন্দ্রমোহন দাস সংকলিত অভিধানের নাম কী? এটি কবে সংকলিত হয়?

ঙ। উনিশ শতকে বাংলা অভিধানচর্চার দুটি প্রবণতা উল্লেখ করো।

চ। হট কম্পোজিশন ও কোল্ড কম্পোজিশন কাকে বলে?

ছ। ম্যাটার কী ও কত প্রকারের হয়?

জ। পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি অনুসারে নীচের শব্দ জোড়ার মধ্যে কোন বানানটি সঠিক নির্দেশ কারো:

১। কাহিনি/ কাহিনী

২। পরসমনি/ পরশমণি

৩। নবীন/ নবিণ

৪। খ্রিস্টাব্দ/ খ্রীষ্টাব্দ

৫। তত্তাবধাণ/ তত্ত্বাবধান

বাংলা (মাইনর পরীক্ষা)

রোল নম্বর .............................

৮ নম্বর প্রশ্নের অংশ

কপি

লেখাপড়ার দিকে চারুলতার একটা স্বাভাবিক ঝোঁক ছিল বলিয়া তাহার দিনগুলা অত্যন্ত বোঝা হইয়া উঠে নাই। সে নিজের চেষ্টায় নানা কৌশলে পড়িবার বন্দোবস্ত করিয়া লইয়াছিল। ভূপতির পিসতুতো ভাই অমল থার্ড-ইয়ারে পড়িতেছিল, চারুলতা তাহাকে ধরিয়া পড়া করিয়া লইত; এই কর্মটুকু আদায় করিয়া লইবার জন্য অমলের অনেক আবদার তাহাকে সহ্য করিতে হইত। তাহাকে প্রায়ই হোটেলে খাইবার খোরাকি এবং ইংরেজি সাহিত্যগ্রন্থ কিনিবার খরচা জোগাইতে হইত। অমল মাঝে মাঝে বন্ধুদের নিমন্ত্রণ করিয়া খাওয়াইত, সেই যজ্ঞ-সমাধার ভার গুরুদক্ষিণার স্বরূপ চারুলতা নিজে গ্রহণ করিত। ভূপতি চারুলতার প্রতি কোনো দাবি করিত না, কিন্তু সামান্য একটু পড়াইয়া পিসতুতো ভাই অমলের দাবির অন্ত ছিল না। তাহা লইয়া চারুলতা প্রায় মাঝে মাঝে কৃত্রিম কোপ এবং বিদ্রোহ প্রকাশ করিত; কিন্তু কোনো একটা লোকের কোনো কাজে আসা এবং স্নেহের উপদ্রব সহ্য করা তাহার পক্ষে অত্যাবশ্যক হইয়া উঠিয়াছিল।

প্রুফ

লেখাপড়ার দিকে চরুলতার একটা স্বাভাবিক ঝোঁখ ছিল বলিয়া তাহার দিন গুলা অত্যন্ত বোঝা হইয়া উঠে নাই। সে নিজের চেষ্টায় নানাকৌশলে পড়িবার বন্দোবস্ত করিয়া লইয়াছিল। ভুপতির পিসতুতো ভাই অমল থার্ড ইয়ারে পড়িতেছিল, চারু লতা তাহাকে ধরিয়া পরা করিয়া লইত; এই কর্মটুকু আদায় করিয়া লইবার জন্যই অমলের অনেক আবদার তাহাকে সহ্য করিতে হত। তাহাকে হোটেলে প্রায়ই খাইবার খোরাকি এবং ইংরেজি সাহিত্য গ্রন্থ কিনিবার খরচা জোগাইতে হইত। অমল মাঝেমাঝে বন্ধুদের নিমন্ত্রণ করিয়া খাওয়াইত, সেই যজ্ঞ-সমাধার ভার গুরু দক্ষিণার স্বরূপ চারুলতা নিজেগ্রহণ করিত। ভূপতি চারু লতার প্রতি কোনো দাবি করিত না, কিন্তু সামান্য একটু পড়াইয়া পিস্‌তুতো ভাই অমলের দাবির অন্ত ছিল না। তাহা লইয়া চারুলতা প্রায় মাঝেমাঝে কৃত্রিম কোপ বিদ্রোহ প্রকাশ করিত; কিন্তু কোনো একটা লোকের কোন্ কাজে আসা এবং স্নেহের উপদ্রব সহ্য করা তাহার পক্ষে অত্যাবশ্যকীয় হইয়া উঠিয়াছিল।

**Four Year Undergraduate Examination 2025 (NEP 2020)**

**Multidisciplinary Course in Bengali**

**Semester : II Course : MDBENG02**

**বাংলা কবিতা**

**Time : 3 Hours** **Full Marks : 60**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।**

**একক ১**

১. "গীতিকাব্য" প্রবন্ধ অবলম্বনে লেখকের মূল বক্তব্য উপস্থাপন করো। ১৫

২. 'অনেক তম্বিতাম্বার পর একে একে সমস্ত কথা বাহির হইয়া পড়িল'—প্রসঙ্গ নির্দেশ করে 'সমস্ত কথা' বলতে কী বোঝানো হয়েছে, নিজের ভাষায় লেখো। ১৫

৩. "কবিতার শত্রু ও মিত্র" রচনা অবলম্বনে কবিতা বিষয়ে প্লেটো ও অগাস্টিনের বক্তব্য নিজের ভাষায় লেখো। ১৫

**একক ২**

৪. পূর্বরাগ পর্যায়ের পদ হিসেবে 'সই কেবা শুনাইলো শ্যাম নাম' পদটির সার্থকতা বিচার করো। ১৫

৫. "ফুল্লরার বারোমাস্যা" কবিতায় কীভাবে মধ্যযুগের বাঙালি জীবনযাত্রার চিত্র প্রতিফলিত হয়েছে, আলোচনা করো। ১৫

৬. "আমার কৈফিয়ৎ" অথবা "সুচেতনা"— যে-কোনো একটি কবিতা অবলম্বনে সংশ্লিষ্ট কবির সমাজমনস্কতার পরিচয় দাও। ১৫

**একক ৩**

৭. 'চন্দ্রাবতী রামায়ণ'-এ অপমানিতা সীতার মানসিক যন্ত্রণা কীভাবে প্রতিফলিত হয়েছে আলোচনা করো। ১৫

৮. "উল্টো সোজা" কবিতার বিষয়বস্তু উল্লেখ করে সমাজের প্রতি কবির মনোভাব ব্যক্ত করো। ১৫

৯. মহিলা কবিদের রচনায় মেয়েদের নিজস্ব জগৎ কীভাবে উন্মোচিত হয়েছে, পাঠ্য কবিতা অবলম্বনে আলোচনা করো। ১৫

**১০. টীকা লেখো (যে-কোনো তিনটি)** **৩X৫=১৫**

(ক) পাঁড়েজির ছাগল সম্পর্কে লেখা কবিতা

(খ) কবিতা বনাম দেশের কাজ

(গ) "এক গাঁয়ে" কবিতায় প্রকৃতি

(ঘ) খুড়োর কল-এর বিশেষত্ব

(ঙ) চন্দ্রাবতী রামায়ণে রচয়িতার আত্মপ্রক্ষেপ

(ঙ) "স্বামীর কালো হাত" কবিতায় প্রতিবাদী নারীসত্তা

**Four Year Undergraduate Programme Examination, 2025**
**Semester –II (NEP)**
**Ability Enhancement Compulsory Course: AECC 02 –English**

*For regular and back candidates*

Time: Two hours Full Marks: 40

**All questions are of equal value**
Answer any four questions of the following

1. Write an application with your detailed CV to the Principal of Patha Bhavana, Visva- Bharati, Santiniketan for the post of a part-time English teacher.

2. Write in detail on any two types of communication with suitable examples.

3. Write a letter to the Editor of an English newspaper regarding the problem of increasing cybercrimes.

4. Write an application to your Head of the Department requesting for leave of three days due to medical emergency.

5. Write a paragraph on any one of the following:

a) Child Labour, b) Importance of Newspaper Reading, c) Wildlife Conservation, d) Festivals in Santiniketan, e) Your Favourite Book.

6. Write a summary of the given passage:

Throughout history, literature has played a crucial role during times of social, political, and personal crisis. In moments of uncertainty and upheaval, people often turn to stories-not just for escapism, but for understanding, reflection, and emotional expression. Whether in the form of poetry, novels, or drama, literature gives voice to collective fears and hopes, and provides a space to process complex experiences

During wars and revolutions, for instance, writers have documented the trauma and resilience of people. In the trenches of World War I, soldier-poets like Wilfred Owen and Siegfried Sassoon captured the horror and futility of battle. Similarly, literature emerging from civil rights movements, postcolonial struggles, or pandemics has shed light on marginalized voices and challenged dominant narratives.

In the face of crises, literature also fosters empathy. By stepping into the minds of characters from different times, cultures, or circumstances, readers can broaden their understanding of human suffering and survival. A novel about displacement can help someone grasp the reality of refugees. A short story about loss can comfort a grieving reader. In this way, literature becomes both a mirror and a bridge-reflecting our experiences and connecting us to others.

Moreover, literature encourages critical thinking. When societies face moral dilemmas or political injustice, fictional works can question the status quo more subtly and safely than direct activism. Dystopian novels like 1984 or The Handmaid's Tale serve as warnings, encouraging readers to stay alert to authoritarianism, censorship, and loss of freedom. These texts do not merely entertain-they provoke dialogue and resistance.

Ultimately, the enduring value of literature in times of crisis lies in its capacity to preserve humanity. In a world often dominated by data, policies, and headlines, literature reminds us of individual voices, personal struggles, and the emotional truths that statistics cannot capture. It becomes a vital thread in the tapestry of collective memory and healing.

## Undergraduate Examination-2025
## Semester-II
## Tagore Studies
## (For CBCS Regular and Back candidates)

**Time: 3 Hours** **Full Marks: 40**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। এছাড়া যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে**

১. ‘প্রভাতসংগীত’ শীর্ষক গদ্যাংশে রবীন্দ্রনাথ ‘নির্ঝরের স্বপ্নভঙ্গ’ কবিতাটির রচনা-মুহূর্ত যে-ভাবে প্রকাশ করেছেন তার পরিচয় দাও। ১০

২. ‘আমি ভালোবাসি, কিন্তু রক্ষা করতে পারি নে’ – এই উক্তির আলোকে ‘পৃথিবী’-র মনের কথা বুঝিয়ে দাও। ১০

৩. একজন ‘গুরু’ কোন কোন গুণের অধিকারী হবেন বলে রবীন্দ্রনাথ মনে করেন লেখো। ১০

৪. রবীন্দ্রনাথ রাজনৈতিক ঘটনার বাইরে মানব গান্ধীকে কীভাবে গ্রহণ করেছেন লেখো। ১০

৫. বুদ্ধদেবের ভাবনা রবীন্দ্রনাথের সমকালে আন্তর্জাতিক ক্ষেত্রে কী অর্থে প্রাসঙ্গিক লেখো। ১০

৬. ‘ভারতবর্ষের ইতিহাস’ প্রবন্ধে রবীন্দ্রনাথ ভারতীয় সভ্যতাকে ‘মিলনমূলক’ কেন বলেছেন লেখো। ১০

৭. ‘সংগীত ও ভাব’ প্রবন্ধ অবলম্বনে সুর ও ভাব দুয়ের সামঞ্জস্য সম্বন্ধে রবীন্দ্র-ভাবনার পরিচয় দাও। ১০

৮. পল্লীর মানুষের সঙ্গে শিক্ষা-প্রতিষ্ঠানের সংযোগ ঘটানোর জন্য রবীন্দ্রনাথ কী কী উপায় অবলম্বন করতে বলেছিলেন পাঠ্য প্রবন্ধ অবলম্বনে লেখো। ১০

৯. রবীন্দ্রনাথ একজন রসসাহিত্যিক মাত্র নন, চিন্তাবিদও— পাঠ্য প্রবন্ধগুলির সাহায্যে এই মত প্রতিষ্ঠা করো। ১০

**১০. যে কোনো দশটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও:** ১০×১=১০

ক) ‘প্রভাতসংগীত’ রচনাটি কোন গ্রন্থের অন্তর্গত?

খ) ‘পৃথিবী’ রচনাংশটি কোন গ্রন্থ থেকে নেওয়া হয়েছে?

গ) ‘গল্প কবিতা নাটক নিয়ে বাংলা সাহিত্যের পনেরো আনা আয়োজন’ – কোন প্রবন্ধে এই বাক্যটি আছে?

ঘ) ‘বুদ্ধদেব’ প্রবন্ধ অনুসারে ক্রোধকে কী দিয়ে জয় করতে হয়?

ঙ) ‘ধৈর্যবান’রা কোন জীবিকা গ্রহণের উপযুক্ত?

চ) ‘যখন দেশকে মা বলে আমরা গলা ছেড়ে ডাকি তখন মুখে যাই বলি মনে মনে জানি, সে মা গুটিকয়েক আদুরে ছেলের মা।’ – কোন প্রবন্ধে রবীন্দ্রনাথ এই মন্তব্য করেছেন?

ছ) ‘প্রাচীন ভারতের তপোবন জিনিসটির ঠিক বাস্তব রূপ কী তার স্পষ্ট ধারণা আজ অসম্ভব।’ -- কোন প্রবন্ধে রবীন্দ্রনাথ এই মন্তব্য করেছেন?

জ) তপোবনের কেন্দ্রস্থলে কে থাকতেন বলে রবীন্দ্রনাথ অভিমত প্রকাশ করেছেন?

ঝ) ‘মনুষ্যত্বের চরম পরীক্ষা’ কোন যুদ্ধে দিতে হয়?

ঞ) ‘মানুষ আপনার যে সংসার রচনা করছে তার নানা দিক।’ – কোন প্রবন্ধে এই বাক্যটি আছে?

ট) ‘আমার কাছে তখন কেহই এবং কিছুই অপ্রিয় রহিল না।’ – কোন প্রবন্ধ থেকে এই বাক্যাংশটি নেওয়া হয়েছে?

ঠ) ‘রাষ্ট্রগৌরবের মূলে বিরোধের ভাব।’ – বাক্যাংশটি কোন রচনার অন্তর্গত?

ড) রবীন্দ্রনাথ কাকে ‘সর্বশ্রেষ্ঠ মানব’ বলে মনে করতেন?

ঢ) ‘সকলের চেয়ে বড়ো দান’ কোনটি?

ণ) ‘ভারতবর্ষ বিসদৃশকেও সম্বন্ধবন্ধনে বাঁধিবার চেষ্টা করিয়াছে’ – কোন প্রবন্ধ থেকে এই অংশটি নেওয়া হয়েছে?

---